

## নিরাপদ মাতৃস্বাস্থ্য রক্ষার পক্ষে প্রচারণায় ক্রিকেটার মোহাম্মদ রফিক

ঢাকা, ২৭শে জুলাই -- প্রসূতি ও নবজাতকের স্বাস্থ্য রক্ষায় মুখ্যপাত্র হিসেবে কাজ করার জন্য বাংলাদেশের ক্রিকেট তারকা মোহাম্মদ রফিক ইউএসএআইডি-র অর্থায়নে পরিচালিত স্বাস্থ্য সেবা কর্মসূচী এনজিও সার্ভিস ডেলিভারি প্রোগ্রাম (এনএসডিপি)-এর সাথে আজ এক চূক্তি স্বাক্ষর করেন।

গত এপ্রিল মাসে মোহাম্মদ রফিককে বর্ষসেরা খেলোয়াড় হিসেবে ঘোষণা করা হয়। বর্ষসেরা খেলোয়াড় ঘোষণা বাংলাদেশে এই প্রথম। সম্প্রতি ইংল্যান্ডে মোহাম্মদ রফিক বিশ্বের অন্যতম দুটি সেরা দল ইংল্যান্ড ও অস্ট্রেলিয়ার বিরুদ্ধে খেলে দেশে ফিরেছেন। এই সফরের সবচেয়ে উল্লেখযোগ্য বিষয় হচ্ছে ১৪ই জুন তারিখে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে বাংলাদেশের অবিশ্বাস্য বিজয়।

এনজিও সার্ভিস ডেলিভারি প্রোগ্রাম (এনএসডিপি) আন্তর্জাতিক উন্নয়ন অংশীদারদের একটি সংস্থা যা বাংলাদেশে স্বাস্থ্যসেবা নিয়ে কর্মরত ৩৭টি বেসরকারী সংস্থার নেটওয়ার্ককে প্রযুক্তিগত সহায়তা ও সহযোগিতা প্রদান করে আসছে। বাংলাদেশে যুক্তরাষ্ট্রের আন্তর্জাতিক উন্নয়ন সহযোগিতার বৃহৎ কর্মসূচী এনএসডিপি ক্লিনিক ও কমিউনিটি স্টেশনে লাখ লাখ বাংলাদেশী মহিলাদের মানসম্পন্ন মের্মালিক স্বাস্থ্যসেবা জোরদার করতে কাজ করে যাচ্ছে।

এনএসডিপির নেটওয়ার্কের ৩১৪টি স্থায়ী “সুর্যের হাসি” ক্লিনিক, আট হাজার প্রাম্যমান ক্লিনিক এবং সাত হাজারেরও অধিক কমিউনিটি স্বাস্থ্যকর্মী রয়েছে যারা পরিবারে কম খরচে উচ্চ-মানসম্পন্ন প্রজনন স্বাস্থ্য, মাতৃস্বাস্থ্য এবং শিশু স্বাস্থ্য সেবা প্রদানে উল্লেখযোগ্য ভূমিকা পালন করে থাকে। প্রতি বছর দশ লাখেরও বেশী মানুষ পরিবার পরিকল্পনা সেবা এবং দু'লাখের বেশী গর্ভবতী মহিলা গভর্কালীন সেবা নিতে এসব সেবা কেন্দ্রগুলোতে আসে। শহর অঞ্চলের যে সব এলাকাগুলোতে ‘এনএসডিপি’ কাজ করে, সেখানে বসবাসরত প্রায় তিন চতুর্থাংশ শিশুকে ‘এনএসডিপি’ তাদের শৈশবকালীন টিকা প্রদান করেছে। এই প্রকল্পের আওতাধীন শহরাঞ্চলে বসবাসরত প্রায় অর্ধেক শিশু এবং গ্রামাঞ্চলে এক তৃতীয়াংশ শিশুকে ‘এনএসডিপি’ তাদের তীব্র শ্বাস কষ্টের জন্য চিকিৎসা প্রদান করেছে। বাংলাদেশে শিশু মৃত্যুর অন্যতম কারণই হচ্ছে এই শ্বাস কষ্ট।

বাংলাদেশ সেন্টার ফর বিহেভিয়ার চেঙ্গ-এর গুলশান অফিসে এই চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত হয়। এতে  
আরো উপস্থিত ছিলেন ‘এনএসডিপ’র চিফ অব পার্টি ড: রবাট জে. টিমন্স, ডেপুটি চিফ অব পার্টি তামারা  
স্মিথ এবং বাংলাদেশ সেন্টার ফর কমিউনিকেশন-এর সিইও মোহাম্মদ শাহজাহান।

=====

**জিআর/ ২০০৫**

**দ্রষ্টব্য:** এই নিবন্ধের ইংরেজি ভাষ্য ‘আমেরিকান সেন্টার’-এ পাওয়া যাবে। যদি আপনি ইংরেজি ভাষ্যটি পেতে আগ্রহী হন,  
তবে ‘আমেরিকান সেন্টার’ প্রেস সেকশনে (টেলিফোন: ৮৮১৩৮৮০-৮, ফ্যাক্স: ৯৮৮৫৬৪৪; ই-মেইল:  
[DhakaPA@state.gov](mailto:DhakaPA@state.gov) এবং Website: [dhaka.usembassy.gov](http://dhaka.usembassy.gov) (New) এ যোগাযোগ করুন।